# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 28-05-2025 Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) চার রাজ্য সফরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল পশ্চিমবঙ্গে আসছেন।

২) পশ্চিমবঙ্গের মানুষ তৃণমূল কংগ্রেসের দুর্নীতি ও অপশাসনে ক্লান্ত বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেছেন।

৩) ২০২৫-২৬ বিপনন মরশুমের জন্য ১৪ টি খরিফ ফসলের ন্যূনতম সহায়ক মূল্য বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করেছে অর্থনীতি বিষয় সংক্রান্ত ক্যাবিনেট কমিটি।

৪) রাজ্যের বিভিন্ন দপ্তরে কর্মরতদের মধ্যে কতজন মহার্ঘ ভাতা পাওয়ার যোগ্য, দপ্তরগুলির কাছে তা পৃথকভাবে জানতে চেয়েছে রাজ্য সরকার।

৫) ওড়িশা উপকূলের কাছে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে তৈরি নিম্নচাপটি আজ সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। কলকাতা সহ দক্ষিণ উত্তরবঙ্গের বিভিন্ন জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস।

মৎস্যজীবীদের গভীর সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

---

চার রাজ্য সফরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল পশ্চিমবঙ্গে আসছেন। সিকিম, পশ্চিমবঙ্গ, বিহার ও উত্তর প্রদেশ সফরকালে তিনি ৭০ হাজার কোটি টাকার’ও

বেশী মূল্যের উন্নয়নমূলক প্রকল্পের উদবোধন, শিলান্যাস ও জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। সফরের প্রথম পর্যায়ে আগামীকাল শ্রী মোদী নতুন দিল্লি থেকে প্রথমে পৌঁছবেন **বাগডোগরা** বিমান বন্দরে। সেখানে তাঁকে স্বাগত জানাবেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সহ দলের বিশিষ্ট নেতারা। বাগডোগরা থেকে প্রধানমন্ত্রী যাবেন **সিকিমে**।

সেখান থেকে **আলিপুরদুয়ার** পৌঁছবেন শ্রী মোদী । আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে এক জনসভায় ভাষণ দেওয়ার পাশাপাশি তিনি আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার জন্য পাইপ বাহিত নগর গ্যাস সরবরাহ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এক হাজার ১০ কোটি টাকার বেশি মূল্যের এই পরিবেশবান্ধব ও ব্যয় সাশ্রয়ী প্রকল্পে ওই অঞ্চলের বেশ কিছু কর্ম সংস্থানের সৃষ্টি হবে। ত্বরান্বিত হবে উত্তরবঙ্গের উন্নয়ন’ও।

আমাদের জলপাইগুড়ির সংবাদদাতা চন্দনা চৌধুরী জানাচ্ছেন, ওই প্যারেড গ্রাউন্ড থেকেই প্রধানমন্ত্রী একটি র‍্যালির’ও সূচনা করবেন। একটি প্রতিবেদন –
ভয়েসকাস্ট

আলিপুরদুয়ার থেকে **প্রধানমন্ত্রী যাবেন বিহারে।**

---------------------

পশ্চিমবঙ্গের মানুষ তৃণমূল কংগ্রেসের দুর্নীতি ও অপশাসনে ক্লান্ত বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। আজ সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী লেখেন গত এক দশক ধরে এনডিএ সরকারের বিভিন্ন প্রকল্প পশ্চিমবঙ্গের মানুষের কাছে দারুণভাবে প্রশংসিত হয়েছে।

প্রদানমন্ত্রীর সফর নিয়ে রাজনীতির ্ভিযোগ তুলেছেন সিপিআইেম নেতা সুজন চক্রবর্তী।

বাইট

---------------------

বিজেপি, রাজ্যের মন্ত্রী উদয়ন গুহর বিরুদ্ধে দেশবিরোধী মন্তব্য করার অভিযোগ এনেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক্স হ্যান্ডেলে এক বার্তায় বলেছেন, সারা দেশ যখন অপারেশন সিন্দুর-এর সাফল্য উদযাপন করছে, সেই সময় উদয়ন বাবু 'সিঁদুরকে ব্যবসা হিসেবে বিক্রি করা হচ্ছে' বলে যে মন্তব্য করেছেন, তা শুধুমাত্র নিন্দনীয়ই নয়, রাষ্ট্রদ্রোহিতার সামিল। এই ধরণের মন্তব্য যে শুধু বিকৃত মানসিকতার পরিচায়কই নয়, পহেলগাঁও-এ জঙ্গি হামলায় নিহত ও ভারতীয় সেনাদের প্রতি অপমান'ও। মুখ্যমন্ত্রীর অবিলম্বে উদয়ন গুহকে মন্ত্রিসভা থেকে অপসারণ করা উচিত বলে শ্রী মজুমদার দাবি করেন।

উল্লেখ্য, এর আগে বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ'ও উদয়ন গুহর এই মন্তব্যের সমালোচনা করেন।

বাইট

---------------------

পহেলগাঁওতে জঙ্গী হানার ঘটনায় সংসদে বিশেষ অধিবেশন ডাকার যে দাবি তৃণমূল কংগ্রেস তুলেছে, তা নিয়ে কটাক্ষ করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী ও কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে একই দাবি তুললেও তৃণমূল কংগ্রেসের তরফ থেকে কোনো সাড়া মেলেনি।

---------------------

অতীতের বৃটিশ অথবা আজকের প্রতিবেশী দেশ, ভারত কারো কাছে নতি স্বীকার করে না। বলেছেন অভিনেতা ভাস্বর চট্টোপাধ্যায়। আকাশবাণীকে তিনি বলেন, প্রয়োজনে এক পা এগিয়ে গিয়ে অন্যায়ের জবাব দিতে ভারত সবসময় প্রস্তুত।

বাইট ভাস্বর চট্টোপাধ্যায়।

---------------------

এবারের স্পটলাইটের বিষয় অপারেশন সিঁদুর - সংসদীয় প্রতিনিধি দল। অংশ নিয়েছেন বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকার। তার সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। তিনটি পর্বে বিভক্ত এই আলোচনার প্রথম পর্ব শুনবেন আগামীকাল রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ এর সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

দ্বিতীয় এবং তৃতীয় তথা শেষ পর্ব শুনবেন পয়লা ও ৩ রা জুন রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ এর সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

---------------------

২০২৫-২৬ বিপণন মরসুমের জন্য ১৪টি খরিফ ফসলের ন্যূনতম সহায়ক মূল্য- MSP বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করেছে অর্থনীতি বিষয় সংক্রান্ত ক্যাবিনেট কমিটি- সিসিইএ । তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ নতুনদিল্লিতে মন্ত্রিসভার বৈঠকের পর সাংবাদিকদের বলেন, কৃষকরা যাতে তাদের উৎপাদিত পণ্যের সঠিক দাম পান তা নিশ্চিত করতেই এই উদ্যোগ।

সবচেয়ে বেশি ন্যূনতম সহায়ক মূল্য ধার্য করা হয়েছে নাইজার বা কালো তিল বা রামতিলের জন্যে, প্রতি কুইন্টালে ৮২০ টাকা। এ ছাড়া রাগির জন্যে কুইন্টাল পিছু ৫৯৬ টাকা, তুলোর জন্যে ৫৮৯ টাকা এবং তিল বা সিসেমের জন্যে ৫৭৯ টাকা ধার্য হয়েছে।

মন্ত্রিসভা, ২০২৫- ২৬ এ কৃষকদের জন্যে Modified Interest Subvention Scheme, MISS এর আওতায় সুদের হার একই বজায় রাখার বিষয় টি অনুমোদন করেছে। কেন্দ্রীয় এই প্রকল্পের আওতায় কিষান ক্রেডিট কার্ড এর মাধ্যমে কৃষকদের তিন লক্ষ টাকা পর্যন্ত স্বল্প মেয়াদী ঋণ দেওয়া হবে, ৭ শতাংশ ভর্তুকি মূল্যে। এর মধ্যে যোগ্য ঋণ দানকারী সংস্থাগুলিকে সরকার , সুদের ওপর দেড় শতাংশ হারে আর্থিক সাহায্য ও প্রদান করবে। যে সমস্ত কৃষক, তাড়াতাড়ি ঋণের টাকা মিটিয়ে দেবেন, তাঁরা ৩ শতাংশ পর্যন্ত ইনসেন্টিভ পেতে পারেন। এর ফলে কিষান ক্রেডিট কার্ডের আওতায় সুদের হার কমে দাঁড়াবে চার শতাংশ। শুধুমাত্র পশু পালন ও মৎস্য চাষের ক্ষেত্রে ঋণ নেওয়া হলে, সুদের ওপর ২ লক্ষ টাকা পর্যন্ত সুবিধে পাওয়া যেতে পারে।

---------------------

রাজ্য সরকার, বিভিন্ন দপ্তরে কর্মরতদের মধ্যে কতজন মহার্ঘ ভাতা পাওয়ার যোগ্য, দপ্তরগুলির কাছে তা পৃথকভাবে জানতে চেয়েছে। নবান্ন সূত্রে জানা গেছে, এই মর্মে অর্থদপ্তর থেকে সমস্ত দপ্তরে চিঠি পাঠানো হয়েছে। অবসরপ্রাপ্ত কর্মচারীদের মধ্যে'ও কতজন মহার্ঘভাতা পাওয়ার যোগ্য, তাও বিস্তারিতভাবে জানাতে বলা হয়েছে।

সুপ্রিম কোর্ট সম্প্রতি রাজ্যকে ৬ সপ্তাহের মধ্যে কর্মচারীদের ২৫ শতাংশ বকেয়া মহার্ঘভাতা মিটিয়ে দেওয়ার যে নির্দেশ দেয়, তার প্রেক্ষিতেই অর্থ দপ্তরের এই পদক্ষেপ।

উল্লেখ্য, রাজ্যে বর্তমানে তিন লক্ষ ৮০ হাজার বিদ্যালয় শিক্ষক এবং বিভিন্ন সরকারি ও আধাসরকারি সংস্থায় প্রায় ৮ লক্ষ কর্মচারী রয়েছেন।

---------------------

কলকাতা হাইকোর্ট, সুপ্রিম কোর্টের রায়ে অযোগ্য চিহ্নিত শিক্ষকদের একটি আবেদন শুনতে অস্বীকার করেছে। স্কুল সার্ভিস কমিশনে আগামী ৩০শে মে নতুন করে পরীক্ষা নেওয়ার জন্য বিজ্ঞপ্তি জারির কথা মুখ্যমন্ত্রী ঘোষণার পর চাকরীহারা অযোগ্য শিক্ষকদের একাংশ ফের আদালতের দ্বারস্থ হন। বিচারপতি পার্থ সারথি চট্টোপাধ্যায়ের বেঞ্চে তাঁরা আর্জি জানালেও, বিচারপতি অবশ্য তা' গ্রহণ করতে অস্বীকার করেছেন। এ'সংক্রান্ত সুপ্রিম কোর্টের নির্দেশ এবং মামলাটি শীর্ষ আদালতে বিচারাধীন থাকায় হাইকোর্টের গ্রীষ্ম অবকাশকালীন বেঞ্চ, এতে হস্তক্ষেপ করবে না বলে বিচারপতি চট্টোপাধ্যায় জানিয়ে দিয়েছেন।

আবেদনকারীরা আদালতে জানান, সুপ্রিম কোর্টের নির্দেশে তাঁদের বেতন বন্ধ। তাঁরা স্কুলেও ঢুকতে পারছেন না। নতুন করে যে পরীক্ষা নেওয়ার কথা বলা হয়েছে, তাতেও তাদের অংশ গ্রহণের পথ নেই। এই পরিস্থিতিতে তাঁরা আদালতের হস্তক্ষেপের অনুরোধ জানান।

এদিকে, সর্বোচ্চ আদালতের নির্দেশ মেনে SSC-র বিজ্ঞপ্তি জারির আগে তা' খুঁটিয়ে পরীক্ষা করে দেখার জন্য রাজ্য সরকার আইন বিভাগকে নির্দেশ দিয়েছে। পাশাপাশি আইনজীবিদের সঙ্গেও যোগাযোগ রাখা হচ্ছে। স্কুল সার্ভিস কমিশন এই নিয়োগ প্রক্রিয়ার দায়িত্বে থাকলেও, রাজ্য তার ওপর নজরদারি চালাবে।

অন্যদিকে, রিভিউ পিটিশন করে চাকরিহারাদের সমস্যার সমাধান হবে না বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছে।

---------------------

WBCS পরীক্ষায় নতুন সিলেবাস ও পরীক্ষা পদ্ধতি শুরুর সিদ্ধান্ত আপাতত স্থগিত রাখছে রাজ্য সরকার। সর্বভারতীয় সিভিল সার্ভিস পরীক্ষার নতুন পদ্ধতির সঙ্গে সঙ্গতি রেখে চলতি বছর থেকেই এই পরিবর্তন করার কথা ছিল। আজ তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে প্রকাশিত এক বিবৃতিতে বলা হয়েছে, WBCS পরীক্ষার ক্ষেত্রে পুরনো সিলেবাস ও পরীক্ষা পদ্ধতি বহাল থাকবে। আগামী দিনে এই পরীক্ষায় বসা প্রার্থীরা বাংলা, দিল্লী, নেপালি, উর্দু ও সাঁওতালি ভাষায় পরীক্ষা দিতে পারবেন।

---------------------

রাজ্যে মুসলমান সম্প্রদায়ের পবিত্র উৎসব ইদ উল আজহা আগামী শনিবার ৭ ই জুন পালিত হবে। নাখোদা মসজিদের তরফে এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।

---------------------

ওড়িশা উপকূলের কাছে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে তৈরি নিম্নচাপটি আজ সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। ধীরে ধীরে তা আরো উত্তরে স্থলভাগের দিকে অগ্রসর হচ্ছে। আগামী ২৪ ঘন্টায় নিম্নচাপটি আরো শক্তিশালী হওয়ার সম্ভাবনা।

আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানালেন,

বাইট

এর প্রভাবে আজ দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর ও নদীয়ায় মাঝারি থেকে ভারী বৃষ্টি হতে পারে। ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাবে। সমুদ্র উত্তাল থাকায় ৩১ তারিখ পর্যন্ত মৎস্যজীবিদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

--------------------

গভীর নিম্নচাপের জেরে দুর্যোগের আশঙ্কায় সুন্দরবনের ফ্লাড শেল্টারগুলিকে প্রস্তুত রাখার কাজ জোরকদমে শুরু হয়েছে। মৎস্যজীবীদের গতকালই সমুদ্রে না যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল। ইতিমধ্যেই অধিকাংশ ট্রলার ফিরেছে উপকূলে। আপাতত সমুদ্রে মাছ ধরার উপরেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

এদিকে, দিঘা ও মন্দারমনি-সহ উপকূলে প্রতিকূল আবহাওয়ার কারণে প্রশাসনের তরফে মাইকিং করে সতর্কবার্তা জারি করা হয়েছে। আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আগামী কয়েকদিন দুর্যোগপূর্ণ আবহাওয়া থাকতে পারে। উত্তাল হতে পারে সমুদ্র। সতর্কতামূলক পদক্ষেপ হিসাবে পর্যটকদের সমুদ্রে নামতে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

--------------------

আইএফএ পরিচালিত ক্যালকাটা ফুটবল লীগের ড্র আজ অনুষ্ঠিত হয়েছে। মোট ২৬টি টিমকে দুটি গ্রুপে ভাগ করে নেওয়া হয়েছে। ড্র এর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইএফএ প্রেসিডেন্ট অজিত ব্যানার্জী, সেক্রেটারি সুব্রত দত্ত, বাংলার কোচ সঞ্জয় সেন প্রমুখ

আই লিগ ফুটবলে অবনমন নিয়ে অনিশ্চয়তার সৃষ্টি হয়েছে। সর্বভারতীয় ফুটবল ফেডারেশন 'এআইএফএফ এর আপিল কমিটি অবনমনের ওপর স্থগিতাদেশ দিয়েছে। কমিটি জানিয়েছে চুড়ান্ত রায় না দেওয়া পর্যন্ত কোন দলকে নামানো যাবে না। দিল্লি এফ সি ও এফ সি বেঙ্গালুরুর এবার অবনমনের কবলে পড়েছে।

-------------------- --------------------